

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৫, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ই ডিসেম্বর ২০০২/৩০শে অগ্রহায়ণ ১৪০৯

এস, আর, ও নং ৩৪৮-আইন/২০০২—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস,আর,ও-২৭৮-আইন/২০০২, তারিখ ৬ই অক্টোবর, ২০০২ ইংরেজী মোতাবেক ২১শে আশ্বিন, ১৪০৯ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য কুমিল্লা জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনাতে উক্ত Rules এর rule 4(2) অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

( ৫০৭৯ )

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা কুমিল্লা জেলার হোমনা উপজেলা সদরে নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ৫ই পৌষ, ১৪০৯ বাংলা মোতাবেক ১৯শে ডিসেম্বর, ২০০২ ইংরেজী তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি হোমনা মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

### তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে,এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	হোমনা	হোমনা	৫১	১-১৩০৬
(২)	হোমনা	শ্রীপতিরচর	৪৯	১-৪১১১
(৩)	হোমনা	পশ্চিম বৈদ্যারকান্দি	৫৫	১-১৯৮
(৪)	নিলখী	কারারকান্দি	৬০	১-২৮৮
(৫)	নিলখী	বাহেরখোলা	৫৮	১-১৭৭
(৬)	ঘাণ্ডিয়া	বাগমারা	৬১	১-৯০৫

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার  
উপ-সচিব (পৌর)।

আবদুল মালেক, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।